

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 17-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) খসড়া ভোটের তালিকা থেকে বাদ পড়া ব্যক্তিদের ভয় পাওয়ার কোনো কারণ নেই বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল আশ্বস্ত করেছেন। এক কোটি ৩৬ লক্ষ ভোটারকে গুনানিতে ডাকা হতে পারে।
 - ২) যুবভারতীতে লিওনেল মেসিকে ঘিরে বিশৃঙ্খলার প্রেক্ষিতে ক্রীড়া মন্ত্রী অরুণ বিশ্বাসের ইস্তফা এবং রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার ও বিধাননগরের সিপি মুকেশ কুমারের শোকজকে নির্বাচনের আগে মুখ বাঁচানোর চেষ্টা বলে সমালোচনা করেছেন বিরোধীরা।
 - ৩) লোকসভায় পেশ হওয়া ভিবিজি রামজি বিল ২০২৫-এর মাধ্যমে গ্রামীণ কর্ম নিশ্চয়তা আরও সুরক্ষিত করার প্রস্তাব দিয়েছে কেন্দ্রীয় সরকার।
 - ৪) রোজভ্যালির টাকা ফেরত নিয়ে যে আর্থিক অনিয়ম হয়েছে, সে সংক্রান্ত তদন্ত সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিসকেই করতে হবে বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে।
 - ৫) পার্কস্ট্রীটে ক্রিস্টমাস কার্নিভাল শুরু হচ্ছে আগামীকাল।
-

ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার দ্বিতীয় পর্বে রাজ্যে প্রায় ১ কোটি ৩৬ লক্ষ ভোটারকে প্রাথমিকভাবে শুনানিতে ডাকা হতে পারে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। তবে যাচাইয়ের সময় একাধিকবার থাকা নাম বা ডুপ্লিকেট এন্ট্রি বাদ দেওয়া হলে এই সংখ্যা কিছুটা কমতে পারে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতকাল এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন। তিনি বলেন, তবে শুনানিতে ডাক পেলেও ভয় পাওয়ার কোনো কারণ নেই।

(বাইট- মনোজ কুমার আগরওয়াল)

প্রাথমিকভাবে খসড়া তালিকা থেকে বাদ পড়েছে ৫৮ লক্ষেরও বেশি নাম। আনম্যাপড অর্থাৎ ২০০২ সালের ভোটের তালিকার সঙ্গে কোনও সংযোগ নেই এমন ভোটারের সংখ্যা ৩০ লক্ষ। কী কারণে, নাম বাদ দেওয়া হয়েছে, তার কারণও উল্লেখ করা হয়েছে তালিকায়। নামের পাশে মৃত, অনুপস্থিত অথবা ডুপ্লিকেট, এমন কারণের উল্লেখ রয়েছে। এই রাজ্যেই প্রথম বাদ পড়া নামের তালিকার পাশাপাশি বাদ দেয়ার কারণ প্রকাশ করা হয়েছে। তবে এই সংক্রান্ত কোনও অসঙ্গতি চোখে পড়লে BLO-কে জানানো যাবে বলে কমিশন সূত্রে খবর। কাগজপত্র জমা দেওয়া সত্ত্বেও কেন 'অনুপস্থিত' লেখা রয়েছে, সেই প্রশ্নও তোলা যাবে। খসড়া তালিকা প্রকাশ হবার সপ্তাহখানেকের মধ্যে শুনানি পর্ব শুরু হতে পারে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানান। একটি প্রতিবেদন।

(ভিসি- অভিরূপ)

চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ১৪-ই ফেব্রুয়ারি। নির্বাচনের কমিশনের অ্যাপ ও voters.eci.gov.in এই ওয়েবসাইটে পশ্চিমবঙ্গের খসড়া ভোটার তালিকা পাওয়া যাবে। কমিশনের অ্যাপ ECINET-এও প্রকাশিত খসড়া ভোটার তালিকা।

এসআইআর প্রক্রিয়ায় বাঙালি হিন্দুদের নাম বাদ গেলে তার দায় মুখ্যমন্ত্রীকে নিতে হবে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দাবি করেছেন। দিল্লিতে গতকাল সাংবাদিকদের তিনি বলেন, এসআইআর প্রক্রিয়ায় যেসব অসঙ্গতি ধরা পড়েছে, তাতে প্রমাণিত হয়েছে মুখ্যমন্ত্রীর প্রশাসন কয়েক বছর ধরে রাজ্যে অনুপ্রবেশ করিয়েছে এবং বাঙালি হিন্দু যারা বাধ্য হয়ে বাংলাদেশ থেকে এদেশে এসেছেন তাদের সিএএ-তে আবেদন না করার জন্য ভুল বুঝিয়েছেন। শ্রী মজুমদার জানান, সিএএ বহুদিন আগেই পাস হয়েছে। তাই যারা মুখ্যমন্ত্রীর কথা মেনে সময়মতো সিএএ-তে আবেদন করেননি, তাদের নাম এসআইআর প্রক্রিয়া থেকে বাদ গেলে মুখ্যমন্ত্রীকে দায়িত্ব নিতে হবে।

(বাইট-সুকান্ত)

এদিকে, কলকাতায় নির্বাচনে তৃনমূল কংগ্রেসের সাফল্যের পিছনে ভূয়ো ভোটারের বড়ো অবদান আছে বলে মন্তব্য করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

(বাইট-শুভেন্দু)

যুবভারতী ক্রীড়াঙ্গণে, লিওনেল মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার ঘটনায় রাজ্যের ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাস পদত্যাগ করেছেন। নিরপেক্ষ তদন্তের স্বার্থেই তিনি ইস্তফা দিচ্ছেন

বলে জানিয়ে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে চিঠি পাঠালে তা গ্রহণ করেন মুখ্যমন্ত্রী।

ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তর আপাতত মুখ্যমন্ত্রী সামলাবেন।

এদিকে, ক্রীড়া দপ্তরের পাশাপাশি অরূপ বিশ্বাস বিদ্যুত্ দপ্তরেরও মন্ত্রী। আজকের এই অব্যাহতি শুধুমাত্র ক্রীড়া দপ্তর থেকেই চাওয়া হয়েছে। এরফলে সংশ্লিষ্ট পদ থেকে ইস্তফা পত্র গৃহীত হলেও মন্ত্রিসভায় থাকছেন অরূপ।

যুবভারতীতে মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার ঘটনার তদন্তে, সরকার গঠিত কমিটির প্রাথমিক সুপারিশের ভিত্তিতে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার এবং বিধাননগরের পুলিশ কমিশনার মুকেশ কুমারকে ‘কারণ দর্শানোর’ নোটিশ পাঠানো হয়েছে। নবান্নে মুখ্য সচিব মনোজ পন্থের দপ্তর থেকে জারি করা এক বিবৃতিতে ২৪ ঘণ্টার মধ্যে উত্তর দিতে বলা হয়েছে। এর পাশাপাশি বিধাননগর পুলিশের ডেপুটি কমিশনার অনীশ সরকারের বিরুদ্ধে বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত তিনি সাসপেন্ড থাকবেন। একইসঙ্গে ‘শো-কজ’ নোটিশ পাঠানো হয়েছে ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের প্রিন্সিপাল সেক্রেটারি রাজেশ কুমার সিংহকে। অপসারিত হয়েছেন যুবভারতী ক্রীড়াঙ্গণের CEO দেবকুমার নন্দনও।

অন্যদিকে, এই বিষয়ে পূর্ণাঙ্গ তদন্তের জন্য মুখ্যসচিব মনোজ পন্থ, চার IPS আধিকারিককে নিয়ে বিশেষ তদন্তকারী দল-সিট গঠনের নির্দেশ দিয়েছেন। এঁরা হলেন- পীযুষ পাণ্ডে, জাভেদ শামিম, সুপ্রতিম সরকার এবং মুরুলীধর।

রাজ্যের ক্রীড়া মন্ত্রী অরুণ বিশ্বাসের পদত্যাগ সাজানো ঘটনা বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দাবি করেছেন। দিল্লিতে গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, হাতে লেখা ওই চিঠিতে কারো নাম নেই। তাছাড়া শুধুমাত্র পদ থেকে অব্যাহতি চাইলেই হবে না, রাজ্যের সম্মান যারা ভুলুর্গিত করেছে তাদের গ্রেপ্তার করা প্রয়োজন। রাজ্যের ডিজিপি এই ঘটনায় দায়ী হলে পুলিশ মন্ত্রীও সমানভাবে দায়ী বলে মন্তব্য করেন তিনি।

বাইট

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল আসানসোলে এক সাংবাদিক সম্মেলনে বলেন, রাজ্য সরকার এবং পুলিশের ব্যর্থতার কারণে খেলার মাঠেও রাজনীতি প্রবেশ করেছে। রাজ্যের বিভিন্ন দুর্নীতির সঙ্গেই যুবভারতীর ঘটনায় কয়েক কোটি টাকার দুর্নীতি হয়েছে বলে মন্তব্য করেন তিনি।

যুবভারতী ক্রীড়াঙ্গনে মেসিকাণ্ডে মন্ত্রীদের পাপের বোঝা পুলিশকে বহন করতে হচ্ছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। তদন্ত কমিটিকে সামনে রেখে রাজ্য সরকারের নিজেদের পিঠ বাঁচানোর চেষ্টা বলে সামাজিক মাধ্যমে জানান শুভঙ্কর বাবু।

যুবভারতী ক্রীড়াঙ্গনে ভাঙচুরের ঘটনায় পুলিশ বাইপাস এলাকার ধাবা থেকে রূপক মন্ডল নামে আরও এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। এই নিয়ে ঐ ঘটনায় মোট ৬ জনকে গ্রেপ্তার করা হল। আজই তাকে আদালতে তোলা হবে।

এদিকে, যুবভারতীতে বিশৃঙ্খলার ঘটনায় আদালতে দায়ের হওয়া সমস্ত জনস্বার্থ মামলা আগামীকাল হাইকোর্টে শুনানি হবে। গতকাল বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আইনজীবী বিল্বদল ভট্টাচার্য্য মামলার দ্রুত শুনানির আর্জি জানান।

লোকসভায় পেশ হওয়া বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ বা ভিবিজি রামজি বিল ২০২৫-এ গ্রামীণ পরিবারগুলির জন্য কর্মসংস্থানের মাধ্যমে বার্ষিক ১২৫ দিনের মজুরি দেওয়ার একটি বিধিবদ্ধ নিশ্চয়তা প্রস্তাব করা হয়েছে। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন এবং কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান সভায় বিলটি পেশ করে বলেন, মহাত্মা গান্ধী আত্মনির্ভর ভারত এবং বিকশিত গ্রাম সম্প্রদায়ের চিন্তাভাবনার সঙ্গে সামঞ্জস্য রেখে বর্তমান সরকার দরীদ্রদের কল্যাণ ও গ্রামাঞ্চলের সার্বিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। প্রস্তাবিত উদ্যোগের জন্য কেন্দ্র ৯৫ হাজার কোটি টাকা ব্যয় করবে বলে স্থির হয়েছে। এমজিনারেগা প্রসঙ্গে শ্রী চৌহান বলেন, নতুন প্রস্তাবে কর্ম নিশ্চয়তা আরও বেশি সুরক্ষিত থাকবে।

বাইট

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশব্দ নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

‘আজকের প্রসঙ্গ’ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ভারত-রাশিয়া সম্পর্ক। ডক্টর অনিক চ্যাটার্জি র সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও DTH বাংলায় শোনা যাবে। দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামীকাল রাত ৮ টায়।

আকাশবাণী কলকাতার এই বিশেষ অনুষ্ঠান এবার থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার রাত আটটা এবং বুধবার রাত সাড়ে নটায় শোনা যাবে গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও পাওয়া যাবে।

রোজভ্যালির টাকা ফেরত নিয়ে যে আর্থিক অনিয়ম হয়েছে, সে সংক্রান্ত তদন্ত সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস - এসএফআইও-কেই করতে হবে বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। এসএফআইও কেন্দ্রীয় সরকারের কর্পোরেট বিষয়ক মন্ত্রকের

অধীন হওয়ায় এব্যাপারে অনুমতি মন্ত্রককে দিতে হবে বলে গতকাল ফের নির্দেশ দিয়েছেন দুই বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ ও উদয় কুমারের ডিভিশন বেঞ্চ।

রোজভ্যালির আমানতকারীদের টাকা ফেরত দেওয়ার জন্য অবসরপ্রাপ্ত বিচারপতি দিলীপ শেঠের নেতৃত্বে গঠিত কমিটিও আর্থিক অনিয়ম করে। সেই কারণেই ফরেনসিক অডিটের নির্দেশ দেয় হাইকোর্ট। এছাড়াও রোজভ্যালি থেকে বাজেয়াপ্ত হওয়া প্রায় ৩ হাজার কোটি সম্পত্তির মূল্য সহ যাবতীয় হিসাব করে তিন মাসের মধ্যে আদালতে রিপোর্ট দিতে হবে বলেও জানানো হয়। কিন্তু মন্ত্রকের অনুমতি না পাওয়ার কথা জানিয়ে পিছিয়ে যাচ্ছিল এসএফআইও।

জুনিয়ার ডাক্তার অনিকেত মাহাতোর পোস্টিং সংক্রান্ত আদালত অবমাননার মামলায় কলকাতা হাইকোর্ট শীর্ষ আদালতের নির্দেশ মত রাজ্যকে দু সপ্তাহ সময় দিয়েছে। এর আগে সুপ্রিম কোর্ট তার রায়ে জানায়, আর জি কর হাসপাতালে অ্যানাস্থেশিয়া বিভাগেই অনিকেতকে পোস্টিং দিতে হবে। সেই মত দু সপ্তাহ সময় দেওয়া হয় রাজ্যকে। এর প্রেক্ষিতেই রাজ্য কি পদক্ষেপ গ্রহণ করেছে, তা আগামী দোসরা জানুয়ারী আদালতে জানানোর নির্দেশ দিয়েছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি বিশ্বজিত্ বসুর বেঞ্চ।

এর আগে বিচারপতি বিশ্বজিত্ বসুই অনিকেতকে রায়গঞ্জের বদলে আর জি কর হাসপাতালে রাখার নির্দেশ দিয়েছিলেন। ডিভিশন বেঞ্চও একই নির্দেশ বহাল রাখে। তার প্রেক্ষিতেই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল রাজ্য।

নিউটাউনে স্বর্গ ব্যবসায়ী স্বপন কামিল্যা খুনের ঘটনায় আলিপুরদুয়ার রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মণের আগাম জামিন নিম্ন আদালত মঞ্জুর করায় ক্ষোভ প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, সমস্ত নথিপত্র থাকা সত্ত্বেও তা খতিয়ে না দেখে কিভাবে এই জামিন মঞ্জুর হল তা নিয়ে প্রশ্ন তোলেন। আগামী শুক্রবার প্রশান্ত বর্মণকে হলফনামা দিয়ে নিজের বক্তব্য জানানোর নির্দেশ দিয়েছেন তিনি। বিচারপতির প্রাথমিক পর্যবেক্ষণ, সোনা লুঠ ও খুনের ঘটনা এবং প্রশান্ত বর্মণের যুক্ত থাকার তথ্য প্রমাণ মিলেছে। ২২ শে ডিসেম্বর এই মামলার পরবর্তী শুনানি।

পার্কস্ট্রিটের ক্রিসমাস কার্নিভাল এবার শুরু হচ্ছে আগামীকাল। রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন গতকাল এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, মুখ্যমন্ত্রী এই কার্নিভালের উদ্বোধন করবেন। আগামী ৩০ তারিখ পর্যন্ত এই কার্নিভাল চলবে। এবার ১৫ তম বর্ষে পড়ল এই কার্নিভাল। প্রতি বারের মত এবারও নিরাপত্তার কারণে ২৪ ও ২৫ তারিখ আল্যান পার্ক বন্ধ থাকবে। রাজ্যের বিভিন্ন জেলায় ক্রিসমাস উপলক্ষে এই ধরনের আলোকসজ্জা হবে বলেও তিনি জানান।

মধ্য ডিসেম্বরে সকাল সন্ধ্যায় শীত অনুভূত হলেও সারাদিনই ঠান্ডা কম থাকছে। আজও আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা ফের স্বাভাবিকের ওপরে। সকালে নূন্যতম তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় ১ ডিগ্রি বেশি। যদিও গতকাল সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের থেকে কম ছিল। আগামী কয়েক দিন তাপমাত্রা এরকমই থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

আজ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই এবং উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় সকালের দিকে কুয়াশা সম্ভাবনা রয়েছে।
